

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৬.৩২.০২৯.০৮(অংশ-২).৯৭

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩১
১১ সেপ্টেম্বর ২০২৪

অফিস আদেশ

যেহেতু, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত একটি নিবন্ধিত বাণিজ্য সংগঠন;


যেহেতু, স্বাস্থ্যগত কারণে এফবিসিসিআই এর সভাপতি পদত্যাগ করেছেন;

যেহেতু, সভাপতি পদত্যাগের পর জনাব মোঃ আমিন হেলালী ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে নিজেকে দাবি করার পেছনে বোর্ড পুনর্গঠন সংক্রান্ত কোন তথ্য প্রমাণাদি উপস্থাপন করা হয়নি এবং তাঁর প্রেরিত পত্রটি তারিখের দিক থেকে ত্রুটিপূর্ণ;

যেহেতু, নির্বাচিত পরিচালকদের সাথে এফবিসিসিআই এর বর্তমান পর্যদের সমন্বয়হীনতার কারণে বাণিজ্য সংগঠন আইন-২০২২ এর ১৭(১) ধারা অনুযায়ী “ব্যবসা, শিল্প, বাণিজ্য, সেবাখাতের স্বার্থে” সংগঠনটি সার্বিকভাবে পরিচালিত হচ্ছে না, তাই বাণিজ্য সংগঠন আইন-২০২২ এর ১৭(১) ধারা অনুযায়ী বর্তমান পর্যদ ভেঙে দেওয়া আবশ্যিক;

যেহেতু, এফবিসিসিআই সকল কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে বাণিজ্য সংগঠন আইন-২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪, কোম্পানি আইন-১৯৯৪ ও সংগঠনের সংঘস্মারক ও সংঘবিধি অনুযায়ী পরিচালিত হওয়া আবশ্যিক;

সেহেতু, বাণিজ্য সংগঠন আইন-২০২২ এর ১৭ ধারা মোতাবেক সরকারের অনুমোদনক্রমে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান, অতিরিক্ত সচিব (অবঃ)-কে “দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)”-এর প্রশাসক নিয়োগ করা হলো। তিনি ১২০ (একশত বিশ) দিনের মধ্যে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করত: নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করে এ মন্ত্রণালয়কে অবহিত করবেন।



ড. নাজমীন কাউসার চৌধুরী, অতিরিক্ত সচিব
মহাপরিচালক, বাণিজ্য সংগঠন
ফোন: +৮৮-০২-৫৫১০০৬৭৯
Email: dgeneral.to@mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৬.৩২.০২৯.০৮(অংশ-২).৯৭

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩১
১১ সেপ্টেম্বর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪), রমনা, ঢাকা
- ০২। জনাব মোঃ হাফিজুর রহমান, অতিরিক্ত সচিব (অবঃ) ও সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪), রমনা, ঢাকা
- ০৩। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন ১, কারওয়ান বাজার, ঢাকা
- ০৪। জেলা প্রশাসক, ঢাকা
- ০৫। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
- ০৬। সচিব-এর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৭। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, উপদেষ্টার মহোদয়ের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৮। অফিস সচিব, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা



সিনিয়র সহকারী সচিব
Email: to1@mincom.gov.bd